আজকের কাগজ

তারিখ 12 AUG 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

23

# ডিমলায় শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির সোয়া লাখ টাকার গম আত্মসাতের তদন্ত দাবি

নীলফামারী জেলার ডিমলা থানায় খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচির ১ লাখ ২৩ হাজার ২শ' টাকার গম আত্মসাৎ করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আত্মসাতের এ ঘটনায় অভিভাবকরা জেলা প্রশাসনের কাছে তদন্ত সাপেক্ষে বিচার দাবি করেছে। সবার জন্যে শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন করতে চালু করা হয়েছে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচি। এ কর্মসূচির আওতায় ডিমলা থানার সরকারি ও বেসরকারি (রেজিঃ) মিলে ১৭টি প্রাথমিক বিদ্যালয় গত বছরের অক্টোবর থেকে দুস্থ পরিবারের অভিভাবককে গম দেয়া হচ্ছে। মাঝখানে বিতরণ বন্ধ রেখে ৪ মাসে গম বরাদ্দ দেয়া হয় ১শ' ৩২ মেট্রিক টন। বরাদ্দকৃত এসব গমের দুস্থ পরিবারের একজন ছাত্র বা ছাত্রী প্রতিমাসে ১৫ কেজি করে ৪ মাসে ৬০ কেজি এবং একাধিক ছাত্র বা ছাত্রী হলে ২০ কেজি করে ৮০ কেজি পাওয়ার কথা। কিন্তু জনপ্রতি গড়ে ৮/১০ কেজি করে কম দেয়া হয়েছে। এভাবে বিতরণ কর্তৃপক্ষ ২ হাজার ২শ' জনকে কম দিয়ে প্রায় ১৭ হাজার ৬শ' কেজি গম আত্মসাৎ করে। আত্মসাৎকৃত গমের মূল্য প্রায় ১ লাখ ২৩ হাজার ২শ' টাকা। শিক্ষা অফিসের কিছু কর্মকর্তার সহায়তায় গম বিতরণকারী ব্যক্তিরা এ কাজটি করেছেন বলে অভিভাবকরা অভিযোগে জানায়।' নীলফামারী থেকে আমিরুজ্জামান।